

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৮১

কমলপুর, ২৪ জানুয়ারি, ২০২৪

**দুর্গাচৌমুহনী ইকাড়িক ২ দিনব্যাপী বিকাশ মেলার সূচনা**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান উপলক্ষে দুর্গাচৌমুহনী ইকাড়িক কার্যালয় প্রাঙ্গণে দুর্গাচৌমুহনী ইকাড়িক দুই দিনব্যাপী বিকাশ মেলার আজ সূচনা হয়েছে। দুই দিনব্যাপী এই বিকাশ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধায়ক মনোজ কাণ্ঠি দেব। উপস্থিতি ছিলেন বিএসি চেয়ারম্যান দেবপ্রসাদ দেববর্মা, কমলপুর মহকুমার মহকুমাশাসক এল ডার্লং, বিডিও তুষার আলম। সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস পাল। উদ্বোধকের ভাষণে বিধায়ক মনোজ কাণ্ঠি দেব বলেন, প্রধানমন্ত্রীর দিকনির্দেশিকায় রাজ্য সরকারের সঠিক বাস্তবায়নে বিকশিত ভারত সংকল্প যাত্রা জন আন্দোলনের রূপ পেয়েছে। তৎসঙ্গে প্রতি ঘরে সুশাসনের মাধ্যমে সরকারি বিভিন্ন রকমের সুযোগ সুবিধাকে অপেক্ষাকৃত সহজতর প্রক্রিয়া যথাসম্ভব চেষ্টা করে মানুষের হাতে পৌছানো হয়েছে। তিনি বলেন, প্রতি ঘরে সুশাসন এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে বহু ক্ষেত্রে পূর্বাপেক্ষা অনেক সহজে সরকারি পরিমেবা মানুষের কাছে পৌছানো গেছে। তিনি আরও বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূখ্য প্রকল্পের সঠিক বাস্তবায়নে মানুষের আর্থসামাজিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি সম্ভব হয়েছে। মহকুমা শাসক এল ডার্লং বলেন, প্রতি ঘরে সুশাসন অভিযানের প্রথম পর্যায়ের সাফল্যের নিরীখেই সরকার দ্বিতীয় পর্যায়ের কর্মসূচি হাতে নিয়েছে। জনগণকে সুবিধা ও পরিমেবা প্রদানে প্রশাসনের সর্বোচ্চ পর্যায়ের প্রচেষ্টা এই বিকাশ মেলার মাধ্যমে নেওয়া হয়েছে বলে তিনি জানান। স্বাগত ভাষণে বিডিও তুষার আলম বলেন, দ্বিতীয় পর্যায়ের এই সুশাসন শিবিরে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা ও পরিমেবা প্রদানের লক্ষ্যে এই শিবিরে মহকুমা প্রশাসন, ইকাড়িক প্রশাসন ও বিভিন্ন দপ্তরের স্টেল খোলা হয়েছে। সকলকে এই শিবিরে অংশগ্রহণ করে পরিমেবা ও সুবিধা গ্রহণের জন্য আবেদন জানান তিনি। দু'দিনব্যাপী শিবিরে বিভিন্ন দপ্তর ও প্রশাসনের পক্ষ থেকে ১৪টি স্টেল খোলা হয়েছে। এছাড়া স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য শিবির খোলা হয়েছে। এই শিবিরে বিভিন্ন সরকারি শংসাপত্রের জন্য আবেদন গ্রহণ করা হবে এবং পূর্বের বিকাশ মেলায় যেসব আবেদনপত্র গ্রহণ করা হয়েছে সেইসব শংসাপত্র জনগণের হাতে তুলে দেওয়া হবে। এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে অঙ্গনওয়াড়ি কমীরা নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

\*\*\*\*\*